



টাংগাইল পল্লী বিদ্যুৎ সমিতি আশেকপুর, টাংগাইল।

নিলাম বিজ্ঞপ্তি

টাংগাইল পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নবর্ণিত কনডেম ঘোষণাকৃত মালামাল সমূহ “যেখানে যে অবস্থায় আছে” ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে/প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা, স্বাক্ষরসহ সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	মালামালের বিবরণ	টাংগাইল পবিস		দরদাতা প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত মূল্য (টাকা)	
		পরিমাণ	সর্বনিম্ন একক নিলাম মূল্য (টাকা)	একক মূল্য (টাকা)	মোট মূল্য (টাকা)
০১	লৌহ জাতীয় হার্ডওয়্যার মালামাল	১০৫৩৯.৮৪ কেজি	২০.০০		
০২	১ ফেজ মিটার এনালগ (জে-১)	২৫০১৪ টি	৪০.০০		
০৩	৩ফেজ মিটার ইলেকট্রনিক	৫৭৩ টি	১৫.০০		
০৪	১ফেজ মিটার ইলেকট্রনিক(জে-৩৯)	৫৭৯৩ টি	১৫.০০		
০৫	পিটি	০২ টি	৬০.০০		
০৬	কাটআউট	৮১ টি	১৫.০০		
০৭	লাইটনিং এ্যারেঞ্জার	৪৭ টি	১০.০০		
০৮	প্রাস্টিক ববিন(সুপার এনামেল তার)	৫২০ টি	১৫.০০		

শর্তাবলী :

- ০১। আগ্রহী দরদাতাগণকে আগামী ২০/১২/২০১৮ খ্রিঃ তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে সীল মোহরকৃত নিলাম দরপত্র নিম্নবর্ণিত যে কোন একটি দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে জমা দিতে হবে। (ক) সিনিয়র জেনারেল ম্যানেজার, টাংগাইল পল্লী বিদ্যুৎ সমিতি, আশেকপুর, টাংগাইল (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। নির্ধারিত সময়ের পর বা ডাকযোগে প্রেরিত কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না।
- ০২। নিলাম দরপত্র সমূহ আগামী ২০/১২/২০১৮ খ্রিঃ তারিখ বেলা ১২.৩০ ঘটিকার সময় টাংগাইল পবিসের সদর দপ্তর এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকায় উপস্থিত নিলাম দরদাতা/প্রতিনিধির সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৩। নিলামে উল্লিখিত দরের ২৫% হারে নিরাপত্তা জামানত হিসাবে টাংগাইল পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে যে কোন তফসীল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে অর্ডার আকারে নিলাম দরপত্রের সঙ্গে জমা দিতে হবে (যা বিক্রয়াদেশ না হলে ফেরত যোগ্য)। নিরাপত্তা জামানত ব্যতিত কোন নিলাম দরপত্র গ্রহণ/বিবেচনা করা হবে না। সর্বোচ্চ দরদাতার দরই গ্রহণযোগ্য হবে।
- ০৪। উল্লিখিত মালামালগুলি আগামী ১৯/১২/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত) প্রতিদিন অফিস চলাকালীন সময়ে সমিতির সদর দপ্তরে পরিদর্শন করা যাবে।
- ০৫। কৃতকার্য নিলাম দরদাতাকে কার্যাদেশ সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য নগদ/পে অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ করে মালামালসমূহের ডেলিভারি গ্রহণ করতে হবে। উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ জমা প্রদানে ব্যর্থ হলে জামানতের সমূদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।
- ০৬। বিজ্ঞপ্তিতে উল্লিখিত সর্বনিম্ন প্রাক্কলিত দরের চেয়ে কম দর সম্মিলিত কোন দরপত্র বিবেচনা করা হবে না। খামের উপর “নিলাম দরপত্র” এবং নিলাম দরদাতার পূর্ণ ঠিকানা লিখতে হবে। দরপত্রে কোনরূপ কাটাকাটি গ্রহণযোগ্য হবে না এবং একক মূল্য ও মোট মূল্য স্পষ্টাক্ষরে লিখতে হবে।
- ০৭। বর্ণিত মালামাল গ্রহণের পূর্বে সরকারী নিয়মানুযায়ী মোট উদ্ধৃত দর/মূল্যের উপর ৫% উৎস কর এবং ৪% ভ্যাট জমা প্রদান করতঃ কর ও ভ্যাট জমাদানের রশিদ সমিতিতে দাখিল করতে হবে।
- ০৮। নিলামকৃত মালামালসমূহ গ্রহণ/প্রদানের সময় পরিমাপ কম বা বেশি হতে পারে।
- ০৯। সমিতি কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১০। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

“বিদ্যুৎ ব্যবহারে সশ্রমী হোন
অন্যকে ব্যবহারে সুযোগ দিন।”

সিনিয়র জেনারেল ম্যানেজার
টাংগাইল পল্লী বিদ্যুৎ সমিতি।